



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫০.২০২১/১৮২৭/৬

তারিখ: ২১/১১/২০২১ খ্রি:

বিষয়: কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন সামছুল হক কলেজের নিরাপত্তাকর্মী পদে নিয়োগপ্রাপ্ত চতুর্থ শ্রেণির কর্মচারীর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান সংক্রান্ত।

সূত্র: কলেজের স্মারক নং-সা.হ.ক-১৩৯০(২); তারিখ: ২২/০৯/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন সামছুল হক কলেজের নিরাপত্তাকর্মী পদে নিয়োগপ্রাপ্ত চতুর্থ শ্রেণির কর্মচারীর এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য আবেদন করেছেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী উচ্চ মাধ্যমিক কলেজে চতুর্থ শ্রেণির কর্মচারীর পদে জনবল প্রাপ্য ০৪ জন। সহশিক্ষা চালু থাকলে আরো ০১ জন বেশি প্রাপ্য হবে। অর্থাৎ মোট প্রাপ্য হবে ০৫ জন। এমপিওভুক্ত আছে ০৪ জন। প্রতিষ্ঠানটিতে সহশিক্ষা চালু আছে।

জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী বিধি মোতাবেক নিয়োগ থাকলে উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানে সহশিক্ষা চালু থাকা সাপেক্ষে ০৪ জন সহ অতিরিক্ত আরো ০১ জন চতুর্থ শ্রেণির কর্মচারী প্রাপ্য হবেন। বর্ণিত প্রতিষ্ঠানে ০১ (এক) জন নিরাপত্তা কর্মী প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন সামছুল হক কলেজের নিরাপত্তাকর্মী পদে নিয়োগপ্রাপ্ত চতুর্থ শ্রেণির কর্মচারী জনাব মো: মনির হোসেন-এর নিয়োগ সংক্রান্ত সকল শর্তপূরণ থাকলে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী অনলাইনে এমপিওভুক্তির বিষয়টি নিষ্পত্তি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, সামছুল হক কলেজ, মুরাদনগর, কুমিল্লা;
- ২। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা;
- ৪। অধ্যক্ষ, সামছুল হক কলেজ, মুরাদনগর, কুমিল্লা;
- ৫। মো: মনির হোসেন, নিরাপত্তা কর্মী; সামছুল হক কলেজ, মুরাদনগর, কুমিল্লা;
- ৬। সংরক্ষণ কপি।

২১.১১.২১
(মোঃ আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭